



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

(Website: www.bteb.gov.bd)



স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৩.১৯.১৫৯

তারিখ: ১২-১০-২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের Online-এ রেজিস্ট্রেশন কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বর্ধিত করা হলো।

- (ক) শিক্ষার্থীর ভর্তির যোগ্যতা : সরকারি প্রতিষ্ঠানে ১ম শিফটের জন্য ২০১৫ হতে ২০২০ জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকারি প্রতিষ্ঠানে ২য় শিফট ও বেসরকারি প্রতিষ্ঠানের জন্য পাসের সন শিথিলযোগ্য।
- (খ) Online-এ ডাটা এন্ট্রির সময়সূচি : ১৩-১০-২০২১ (শুধুমাত্র ১দিনের জন্য)।
- (গ) ফাইনালকপি (হার্ডকপি) প্রিন্টের সময়সূচি : ১৩-১০-২০২১ হতে ১৪-১০-২০২১ পর্যন্ত।
- (ঘ) নতুন এন্ট্রিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি “সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড” এর অনুকূলে DD এর মাধ্যমে প্রদান করতে হবে। DD করার সময়সূচি : ১৭-১০-২০২১ হতে ১৮-১০-২০২১ পর্যন্ত।
- (ঙ) ফিসের বিবরণ (শিক্ষার্থী প্রতি): রেজিস্ট্রেশন ফি ১৩০.০০ টাকা, ক্লাঁড়া ফি ৫০.০০ টাকা, স্কাউট/গার্লসগাইড ফি ১৫.০০ টাকা, রেডক্রিসেন্ট ফি ৮.০০ টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭.০০ টাকা, আবেদনপত্র বিক্রির (ভর্তিকৃত শিক্ষার্থী) ৩০.০০ টাকাসহ সর্বমোট ২৪০.০০ (দুই শত চল্লিশ টাকা) হারে একত্রে প্রতিষ্ঠান প্রতি সোনালী ব্যাংক লিঃ পরিচালিত সোনালীসেবার মাধ্যমে প্রদান করতে হবে।
- (চ) রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার সময় রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার প্রমাণক হিসাবে সোনালী সেবা রশিদ বোর্ডের অংশ অবশ্যই প্রদর্শন করতে হবে।
- (ছ) ২০২০-২১ অর্থ বছর পর্যন্ত প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্রের ফটোকপি জমা দিতে হবে।
- (জ) নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে না পারলে সমুদয় দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।
- (ঝ) প্রতি ট্রেড/শাখা/শিফটে ৪০ (চল্লিশ) জন এর বেশি রেজিস্ট্রেশন করা যাবে না।
- (ঞ) রেজিস্ট্রেশন প্রিন্ট আউট কপি জমা ও রেজিস্ট্রেশন কার্ড উত্তোলনের সিডিউল পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিজ্ঞপ্তিটি জারি করা হলো।

[বিশেষ দৃষ্টব্য: জরুরী প্রয়োজনে ০১৫৫০৬২০৬০৪, ০১৫৫০৬২০৬০৪ ও ০১৫৩৩৪৯২৮৪১ নম্বরে অফিস চলাকালিন সময়ে যোগাযোগ করা যাবে।]

স্বাক্ষরিত

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

তারিখ: ১২-১০-২০২১ খ্রি.

স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৩.১৯.১৫৯ (৫)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশসহ প্রয়োজনীয় টেকনিক্যাল সাপোর্ট প্রদানের জন্য)।
৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি।

১২-১০-২০২১

(মো: সুলতান হোসেন)

উপ সচিব (রেজিস্ট্রেশন)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৫০০৬৫